

স্বাস্থ্য অধিদপ্তর

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

টেলিফোনঃ ৮৮১৬৪৫৯ ফ্যাক্সঃ ৮৮১৩৮৭৫ ই-মেইলঃ info@dghs.gov.bd ওয়েবসাইটঃ www.dghs.gov.bd

১৯ জুন ২০০৯

সংবাদ বিজ্ঞপ্তি


বাংলাদেশে ১ জনের দেহে ইনফ্লুয়েঞ্জা এ (এইচ১এন১) সনাক্ত

গতকাল ১৮ জুলাই একজনের দেহে ইনফ্লুয়েঞ্জা এ (এইচ১এন১) ভাইরাস সংক্রমণের প্রথম ঘটনা সনাক্ত হয়েছে। সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্র থেকে সফর করে আসা একজন জুরের রোগীর লালা ও নাসিকা রসের (Throat swab and nasal wash) নমুনা পরীক্ষা করে প্যানডেমিক ইনফ্লুয়েঞ্জা এ (এইচ১এন১) ভাইরাস নিশ্চিত হওয়া গেছে। আইইডিসিআর ও আইসিডিডিআরবি যৌথভাবে এ পরীক্ষা পরিচালনা করে। রোগীর চিকিৎসার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উল্লেখ্য, বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষ থেকে গত ১১ জুন ইনফ্লুয়েঞ্জা বিশ্ব মহামারী ঘোষণা করা হলেও এ রোগী সনাক্ত হবার আগে বাংলাদেশ প্যানডেমিক ইনফ্লুয়েঞ্জা সংক্রমণ থেকে মুক্ত ছিল।

সরকার ইনফ্লুয়েঞ্জা বিশ্ব মহামারী নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মহোদয় অধ্যাপক এ এফ এম রুহুল হক সামগ্রিক কার্যক্রমের নেতৃত্ব প্রদান করছেন।

বার্তাপ্রেরকঃ



(অধ্যাপক শাহ মনির হোসেন)

মহাপরিচালক

স্বাস্থ্য অধিদপ্তর